

মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয় : ০২-০৪-২০১৯ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'তে কর্মরত সকল মহিলা কর্মকর্তা-কর্মচারীর সমন্বয়ে আলোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	: কমডোর এ কে এম ফারুক হাসান, বিএন, চেয়ারম্যান।
তারিখ	: ০২-০৪-২০১৯ খ্রিঃ।
সময়	: ১২.০০ ঘটিকা।
স্থান	: মবক এর সভা কক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে সকলের উদ্দেশ্যে নিম্নোক্ত বিষয়ে গুরুত্বারোপ করে বক্তব্য উপস্থাপন করেন।

- ১। নির্ধারিত সময়ে অফিসে উপস্থিত হওয়া।
- ২। নিজের উপর অর্পিত দায়িত্ব নৈতিকতা, সততা ও নিষ্ঠার সাথে সম্পন্ন করা।
- ৩। অর্পিত কাজ নির্ধারিত সময়ের মধ্যে নির্ভুলভাবে সম্পন্ন করা এবং কোন কাজ পেন্ডিং রেখে অফিস ত্যাগ না করা।
- ৪। সহকর্মীদের সাথে ভালো আচরণ করা।
- ৫। ভুল করেও কখনও কারোর বদনাম বা গিবত না করা।
- ৬। দুর্নীতির উর্দ্ধে থেকে সকলকে মিলেমিশে কাজ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করে ২০২১ সালের মধ্যম আয়ের বাংলাদেশ গঠনে জাতির পিতার নিম্নোক্ত উক্তিটি অনুসরণে সকলকে অনুরোধ জানান- “কঠোর পরিশ্রম না করলে এই অভাগা দেশের ভাগ্য ফিরানো যাবে কিনা সন্দেহ।”

এরপর তিনি উপস্থিত সকল মহিলা সহকর্মীকে তাদের নিজ নিজ পরিচয় প্রদান করে কোন সমস্যা থাকলে তা সভাকে অবহিত করার জন্য অনুরোধ করেন। এ প্রেক্ষিতে নিম্নোক্ত সমস্যা নিয়ে আলোচনা হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	মহিলা কর্মকর্তা/কর্মচারীদের দাবীসমূহ
১।	৪র্থ শ্রেণির মহিলা কর্মচারীদের পোষাক সংক্রান্ত।	জনাব শেফালী বেগম, অফিস সহায়ক মতামত ব্যক্ত করেন যে, ৪র্থ শ্রেণির মহিলা কর্মচারীদের পোষাক, জুতা ও ছাতা খুব নিম্নমানের হয়। এ কারণে বাজেট বৃদ্ধি করে উন্নতমানের পোষাক, জুতা ও ছাতা সরবরাহের জন্য অনুরোধ জানান।
২।	৩য় শ্রেণির মহিলা কর্মচারীদের পোষাক সংক্রান্ত।	বেগম লতা ইয়াসমিন, সিঃ আঃ এ্যাঃ মতামত ব্যক্ত করেন যে, ৩য় শ্রেণির মহিলা কর্মচারীদের পোষাক এর বাজেট একই পদে পুরুষ কর্মচারীদের বাজেট থেকে অনেক কম। এ কারণে যে ধরনের পোষাক সরবরাহ করা হয় তা খুব নিম্নমানের হওয়ায় ব্যবহার করা সম্ভব হয়না। এ কারণে পুরুষ এবং মহিলা কর্মচারীদের বাজেট সমপরিমান করা সহ উন্নতমানের পোষাক সরবরাহের ব্যবস্থা করার জন্য অনুরোধ জানান। এছাড়াও তিনি আরো জানান যে, বন্দর দিবস উদযাপনের লক্ষ্যে প্রতিবছর সকল কর্মকর্তা ও কর্মচারীকে গেঞ্জী সরবরাহ করা হয়ে থাকে। মহিলা কর্মকর্তা ও কর্মচারীদের গেঞ্জীর পরিবর্তে থ্রি-পিচ/শাল/শাড়ী সরবরাহের ব্যবস্থা গ্রহণের জোর দাবী জানান। উল্লেখ্য যে, উন্নয়ন মেলায় দায়িত্ব পালনের সময় দায়িত্বরত সকল মহিলা কর্মকর্তা ও কর্মচারীকে একই শাড়ী সরবরাহ করে দায়িত্বপালনের ব্যবস্থা করলে বন্দরের সুনাম বৃদ্ধি পাবে।
৩।	মহিলা কর্মচারীদের জন্য জেটির ভিতরে বেবী কেয়ার সেন্টার, আলাদা টয়লেট এবং নামাজের স্থানের ব্যবস্থাকরণ।	বেগম মৌসুমী, সিঃ আঃ এ্যাঃ জানান যে, মহিলা কর্মচারীদের জন্য জেটির ভিতরে বেবী কেয়ার সেন্টার, আলাদা টয়লেট এবং নামাজের স্থান না থাকায় খুবই অসুবিধার সম্মুখীন হতে হয়। তিনি সভাপতি মহোদয়কে বর্ণিত বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য জোর অনুরোধ করেন।
৪।	প্রত্যেক ফ্লোরে ওয়াটার ফিল্টার স্থাপন প্রসঙ্গে।	বেগম মাসরিনা আক্তার, ক্যাশিয়ার সভাপতি মহোদয়কে বন্দর ভবনের প্রত্যেক ফ্লোরে ওয়াটার ফিল্টার স্থাপনের জন্য জোর অনুরোধ জানান।
৫।	নার্সদের ২য় শ্রেণিতে উন্নীতকরণ।	জনাব শিল্পী দে, সিনিয়র স্টাফ নার্স মবক'র হাসপাতালে কর্মরত সিনিয়র স্টাফ নার্সদের পদমর্যাদা/বেতন স্কেল উন্নীতকরণের বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য জোর দাবী জানান।
৬।	টেকনিশিয়ান প্যাথলজী পদে অস্থায়ীভাবে নিয়োগ প্রসঙ্গে।	জনাব সানজিদা পারভীন, টেকনিশিয়ান প্যাথলজী জানান যে, বর্তমান পদে তাকে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হয়েছে। এই পদে তাকে স্থায়ী করার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানান।
৭।	মবক'র হাসপাতালে জনবল স্বল্পতা।	জনাব বীথিকা মন্ডল, ম্যাদ্রিন জানান যে, মবক'র হাসপাতালে জনবল স্বল্পতার কারণে ডিউটি রোষ্টারে রাতে এবং দিনের ডিউটিতে একই লোককে দিয়ে ডিউটি করানো খুব কষ্টকর এবং মানবেতর বিধায় জরুরীভাবে জনবল নিয়োগ করা দরকার।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	মহিলা কর্মকর্তা/কর্মচারীদের দাবীসমূহ
৮।	বন্দর ভবনের ৪র্থ তলায় মহিলাদের নামাজের স্থানের সমস্যা এবং দাপ্তরিক কক্ষের সমস্যা প্রসঙ্গে।	বেগম সাদিয়া ইসলাম, উচ্চমান সহকারী জানান যে, বন্দর ভবনের ৪র্থ তলায় মহিলাদের নামাজের স্থান পরিষ্কারকরণের জন্য কোন পরিচ্ছন্নতা কর্মী নিযুক্ত নেই বিধায় স্থানটি অপরিষ্কার থাকে এবং ফ্যান ও এসি নষ্ট থাকায় নামাজ আদায় করতে ভীষণ অসুবিধার সৃষ্টি হয়। তাছাড়া তিনি জানান যে, তার দাপ্তরিক কক্ষটি অত্যধিক গরম থাকায় দাপ্তরিক কাজ সম্পন্ন করতে খুবই কষ্ট পেতে হয়।
৯।	মবক'র সকল ভবনে নো স্মোকিং সাইনবোর্ড টাঙ্গানো প্রসঙ্গে।	জনাব শিরীন আফরোজ অনু. সহঃ প্রকৌঃ জানান যে, দপ্তর কক্ষে বিভিন্ন ঠিকাদার এবং কর্মকর্তাগণ বিভিন্ন সময় ধূমপান করেন। এক্ষেত্রে দাপ্তরিক কাজে মারাত্মক অসুবিধার সৃষ্টি হয়। এ কারণে মবক'র সকল ভবনে নো স্মোকিং সাইনবোর্ড টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়াও প্রত্যেক ভবনে মহিলাদের জন্য নামাজ ও টয়লেটের পৃথক ব্যবস্থা গ্রহণের জন্য জোর দাবী জানান। তিনি আরও জানান যে, বিশ্ব নারী দিবস, মা দিবস পালনের জন্য মবকতে বাজেট রাখা প্রয়োজন। পরবর্তীতে আনুষ্ঠানিকভাবে এ দিবসগুলো পালন করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। শুদ্ধাচার পুরস্কার প্রদান, ই-ফাইলিং পুরস্কার প্রদানের ক্ষেত্রে মহিলা কর্মকর্তা/কর্মচারীদের অগ্রাধিকার দিতে হবে। এছাড়া দাপ্তরিক ভালো কাজের পারফরমেন্সে উৎসাহিত করণের জন্য পুরস্কারের ব্যবস্থা গ্রহণ এবং মহিলাদের দেশ/বিদেশে প্রশিক্ষণের বিষয়ে অগ্রাধিকার দেয়ার জন্য অনুরোধ জানান। উল্লেখ্য যে, প্রতি দুমাস অন্তর এ ধরনের সভা আহ্বান করলে মহিলাদের সমস্যাসমূহ সমাধানের ব্যবস্থা করা যায়।
১০।	কাজের মাধ্যমে নিজেকে প্রমাণ করা	বেগম ইয়াসমিন আফসানা, সদস্য (অর্থ) দিনের কাজ দিনে শেষ করে নিজের উপর অর্পিত দায়িত্ব পালনের মাধ্যমে নিজেকে যোগ্য প্রমাণ করাসহ সার্বিক দিক-নির্দেশনা প্রদান করেন।
১১।	কমিটি গঠন	মবক'র মহিলা কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে।

সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে উপস্থাপিত সমস্যা সমাধানে সকল বিভাগীয় প্রধানকে কার্যকরী ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ১৬-০৫-১৯
কমডোর এ কে এম ফারুক হাসান
চেয়ারম্যান

নং- ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪(অংশ-১).১৮-

মে ২০১৯ খ্রিঃ।

বিতরণ : বিভাগ/কোষ/শাখা প্রধান :

..... মবক, মোংলা।

অনুলিপি :

- ১। সদস্য (), মবক, মোংলা।
- ২। পরিচালক (প্রশাসন), মবক, মোংলা।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।